

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৪৬. আরোহণ হিসেবে ব্যবহৃত কোন পশুর গলায় ঘন্টা লাগানো

আব্দুল্লাহ্ বিন্ উমর (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَصْحَبُ الْمَلائِكَةُ رَكْبًا مَعَهُمْ جُلْجُلٌ

"ফিরিশতাগণ এমন কোন আরোহী দল অথবা ভ্রমণকারী জামাতের সাথী হবেন না যাদের সাথে রয়েছে ঘন্টা"।[1]

উম্মু হাবীবাহ্ (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) ইরশাদ করেন:

لاَ تَصْحَبُ الْمَلاَئِكَةُ رِفْقَةً فِيْهَا جَرَسٌ

"ফিরিশতাগণ এমন কোন ভ্রমণকারী জামাতের সাথী হবেন না যাদের সাথে রয়েছে ঘন্টা"।[2] আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল (সা.) একদা ঘন্টা সম্পর্কে বলেন:

مِزْمَارُ الشَّيْطَانِ

''ঘন্টা হচ্ছে শয়তানের একটি বিশেষ বাদ্যযন্ত্র''।[3]

ফুটনোট

- [1] (নাসায়ী, হাদীস ৫২২১)
- [2] (আবু দাউদ, হাদীস ২৫৫৪)
- [3] (আবু দাউদ, হাদীস ২৫৫৬)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=11296

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন